

## ■■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৯৫

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ সিজ্দা সাহ্উ-এর পর তাশাহ্ছদ পড়া।

باب مَا جَاءَ فِي التَّشَهُّدِ فِي سَجْدَتَى السَّهْوِ

## আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بِنْ يَحْيَى النَّيْسَابُورِيُّ، حَدَّثَنَا مُحَمَّدُ بِنْ عَبْدِ اللَّهِ الأَنْصَارِيُّ، قَالَ أَخْبَرَنِي أَشْعُتُ، عَنِ ابْنِ سِيرِينَ، عَنْ خَالِدِ الْحَذَّاءِ، عَنْ أَبِي قِلاَبَةَ، عَنْ أَبِي الْمُهَلَّبِ، عَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنِ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم صَلَّى بِهِمْ فَسَهَا فَسَجَدَ سَجْدَتَيْنِ ثُمَّ تَشَهَّدُ ثُمَّ اللَّمَهَلَّبِ وَمُوَ عَمُّ أَبِي عَسَى هَذَا حَدِيثُ حَسَنٌ غَرِيبٌ . وَرَوَى مُحَمَّدُ بِنُ سِيرِينَ عَنْ أَبِي الْمُهَلَّبِ وَهُوَ عَمُّ أَبِي قِلاَبَةَ غَيْرَ هَذَا الْحَدِيث . وَرَوَى مُحَمَّدٌ هَذَا الْحَدِيث عَنْ أَبِي الْمُهَلَّبِ وَهُوَ عَمُّ أَبِي قِلاَبَةَ عَنْ أَبِي الْمُهَلَّبِ . وَأَبُو الْمُهَلَّبِ اسْمُهُ عَبْدُ الرَّحْمَنِ بْنُ عَمْرٍو لَلْمُهَلَّبِ وَيُولُ وَلَوْ الْمُهَلَّبِ اسْمُهُ عَبْدُ الرَّحْمَنِ بْنُ عَمْرٍو وَقَدْ رَوَى عَبْدُ الْوَهَابِ الثَّقَفِيُّ وَهُشَيْمٌ وَغَيْرُ وَاحِد هَذَا الْحَدِيثَ عَنْ أَبِي قِلاَبَةَ بِطُولِهِ وَهُو حَدِيثُ عِمْرَانَ بْنِ حُصَيْنِ أَنَّ النَّبِيَّ وَيُقَالُ أَيْضًا مُعَاوِيَةُ بْنُ عَمْرٍو . وَقَدْ رَوَى عَبْدُ الْوَهَابِ الثَّقَفِيُّ وَهُشَيْمٌ وَغَيْرُ وَاحِد هَذَا الْحَدِيثَ عَنْ خَالِدِ الْحَذَّاءِ عَنْ أَبِي قِلاَبَةَ بِطُولِهِ وَهُو حَدِيثُ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ أَنَّ النَّبِيَّ وَلَالَ الْعَلْمِ فِي قَلْلَ الْعَصْرُ فَقَالَ بَعْضُهُمْ يَتَشَهَّدُ فِيهِمَا تَشَهُّدُ وَي سَجْدَتَى السَّهُو فَقَالَ بَعْضُهُمْ يَتَشَهَّدُ فِيهِمَا وَيُسَلِمُ . وَهُو قَوْلُ أَوْمُ مَنْ وَإِسْحَاقَ قَالاَ إِذَا سَجَدَ سَجْدَتَى السَّهُو قَبْلَ السَّلَامِ لَمْ يَتَشَهَّدُ . . وَهُو قَوْلُ أَحْمَدَ وَإِسْحَاقَ قَالاَ إِذَا سَجَدَ سَجْدَتَى السَّهُو قَبْلَ السَّلَامِ لَمْ يَتَشَهَّدُ . .

## বাংলা

৩৯৫. মুহাম্মাদ ইবনু ইয়াহইয়া (রহঃ) ..... ইমরান হুসায়ন রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একবার তাদের নিয়ে সালাত আদায় করলেন। এতে তাঁর সাহু (ভুল) হয়ে গেল। অনন্তর তিনি সিজদা সাহু করলেন। এরপর তাশাহ্ছদ পাঠ করে সালাম ফিরালেন। - তাশাহহুদের উল্লেখ সহ বর্ণনাটি শাজ, ইরওয়া ৪০৩, যইফ আবু দাউদ ১৯৩, মিশকাত ১০১৯

ইমাম আবৃ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ এই হাদীসটি হাসান-গারীব-সহীহ। আবৃ কিলাবার চাচা আবৃল মুহাল্লাব



থেকে ইবনু সীরীন অপর একটি হাদীস বর্ণনা করেছেন। আবূল মুহাল্লাবের নাম হ'ল আবদুর রহমান ইবনু আমর। কেউ কেউ বলেনঃ মুআবিয়া ইবনু আমর। আবদুল ওয়াহহাব আস-সাফাকী, হুশায়ম এবং আরো একাধিক রাবী খালিদ আল-হাযযা আবূ কিলাবা সূত্রে ইমরান ইবনু হুসায়ন রাদিয়াল্লাহু আনহু-এর হাদীসটি আরো দীর্ঘ করে বর্ণনা করেছেন। এতে আছেঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আসরের সালাতে তিন রাকআতের পর সালাম দিয়ে ফেলেছিলেন। তখন খিরবাক নামক এক ব্যাক্তি দাঁড়ালেন।

সিজদা সাহু-এর পর তাশাস্থদ পাঠ করার বিষয়ে ইমামদের মতবিরোধ রয়েছে। কতক আলিম বলেনঃ তাশাস্থদ পাঠ করে পরে (শেষ) সালাম দিবে। কোন কোন আলিম বলেনঃ সিজদা সাহু-এর পর আর তাশাস্থদ ও সালাম নেই। সালামের পূর্বে সিজদা সাহু করলে তাশাস্থদ পাঠ করতে হবে না। এ হ'ল ইমাম আহমদ ও ইসহাক (রহঃ)-এর অভিমত।

## **English**

Abu Al-Muhallab narrated from Imran bin Husain that: the Prophet (S) led them in Salat he forgot (something) so he performed two prostrations, then the Tashah-hud, then the Salam.

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ ইমরান ইবনু হুসায়ন (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন